# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪/১০২২ তারিখ ঃ ১০/০৯/২০২৪ খ্রি.

## "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি" (UICC) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ০১ | সভার সভাপতি | ঃ জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি" (UICC), মানিকগঞ্জ পৌরসভা |
| ০২ | সভার নাম | ঃ "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির" (UICC) সভা |
| ০৩ | সভার তারিখ | ঃ ১০/০৯/২০২৪ খ্রি. |
| ০৪ | সভার বার | ঃ মঙ্গলবার |
| ০৫ | সভার সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা |
| ০৬ | সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ |

সভায় উপস্থিতির নাম ও স্বাক্ষরঃ- (পরিশিষ্ট-ক)

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি'র (UICC) সভাপতি জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা- উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির" (UICC) সভার সদস্য- সচিব জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা-কে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

### ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও স্থিরিকরণঃ-

আলোচনা ঃ অত্র কমিটির সদস্য-সচিব পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির" গত ০৯/০৫/২০২৪ ইং তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণী শ্রবণান্তে কোন রুপ সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।

### ০২। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি মাসিক সভায় উপস্থাপন ও পর্যালোচনা ঃ

আলোচনা ঃ সভার সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক নিয়মিত ভাবে মাসিক এবং ত্রৈমাসিক রিপোর্ট তৈরী পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করতে হয়। সে লক্ষে বিভিন্ন ওয়ার্ড কমিটি ও স্থায়ী কমিটির সভা আহবান করা হয়। বিভিন্ন সভার কার্যবিবরণীর বিষয় বস্তু পৌর পরিষদ সভায় উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। তিনি বলেন প্রকল্প অফিসে নিয়মিত রিপোর্ট প্রদান না করলে প্রকল্প অফিস হতে অর্থ ছাড় করবেনা এমনকি নাম্বারিংয়ের পয়েন্ট কমে যাবে। ইতোমধ্যে প্রকল্প অফিস হতে নাম্বারিং এর সিট প্রেরণ করেছেন। উক্ত প্রাপ্ত নাম্বার সিট সভায় উপস্থাপন করা হয়। উক্ত নাম্বারিং সিটে পরিলক্ষিত হয় বেশ কিছু বিষয়ে যৎ সামান্য নাম্বার কম এসেছে। নাম্বার সিট নিয়ে সভায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত- ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের ক্রাইটেরিয়া মোতাবেক যথাযথ ভাবে বিভিন্ন কমিটির সভা আহবান পূর্বক নিয়মিত ভাবে প্রকল্প অফিসে মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সহ ক্রাইটেরিয়া মোতাবেক যেন নাম্বার না কমে সে বিষয়ে গুরুত্ব সহকারে দায়িত্বপ্রাপ্তদেরকে কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হলো।

০৩। পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ শাখা ডিজিটালাইজড করার বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ কমিটির সদস্য সচিব ও পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, স্থানীয় সরকারের নিয়ন্ত্রণে বিভিন্ন প্রতিষ্ঠানে ডিজিটালাইজড সিস্টেম চালু হয়েছে। বর্তমান ডিজিটাল যুগ তাই আমাদেরকে সে লক্ষে পৌছাতে হবে। মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন দপ্তরের কাজ দ্রুততার সহিত সম্পাদনের জন্য কার্যকরি পদক্ষেপ গ্রহণ করার এবং সকল শাখাকে ডিজিটালাইজড করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত- ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন শাখাকে পর্যায়ক্রমে ডিজিটালাইজড করার সুপারিশ করা হলো।

০৪। ওয়েব বেইজ ও রেভিনিউ ম্যানেজমেন্ট সিস্টেম চালু প্রসংগে ঃ

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, IUGIP প্রকল্প কর্তৃক প্রদত্ত (১) হোল্ডিং ট্যাক্স ম্যানেজমেন্ট (এসেসমেন্ট) (২) হোল্ডিং ট্যাক্স ম্যানেজমেন্ট (বিলিং এন্ড কালেকশন) (৩) মিউনিসিপ্যাল একাউন্টিং সিস্টেম (৪) ট্রেড লাইসেন্স (৫) এসেট ম্যানেজমেন্ট (৬) পানির বিলিং এন্ড কালেকশন সফট ওয়্যায়ের মাধ্যমে ওয়েব বেইজ ও রেভিনিউ ম্যানেজমেন্ট সিস্টেম চালু করার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় ও IUGIP প্রকল্পের বাদ্যবাধকতা রয়েছে। তৎপেক্ষিতে উল্লেখিত সিস্টেম সমূহ চালু করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত- ঃ বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে পর্যায়ক্রমে উল্লেখিত সিস্টেম সমূহ চালু করার শুপারিশ করা হলো। সংশ্লিষ্ট সকল শাখাকে উদ্যোগ নেওয়ার জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মানজিদা জেসমীন)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC)

মানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪/১০২২
তারিখ ঃ ১০/০৯/২০২৪ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। জনাব ........................................................................ সদস্য, নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
০৪। জনাব এ কে এম আবু জাফর মল্লিক, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েট, IUGIP, মানিকগঞ্জ পৌরসভা।
০৫। জনাব ফৌজিয়া হোসেন, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েট, IUGIP, মানিকগঞ্জ পৌরসভা।
০৬। অফিস কপি।

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC)

মানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিক...
ও
উপ-পরিচালক (উপসচি...
স্থানীয় সরকার, মানিকগঞ্জ